

## পাচার বনাম চোরাচালান

**মানব পাচারের** সংজ্ঞা হচ্ছে:

- যৌন কর্মের জন্য পাচার, যেখানে বল প্রয়োগ, প্রতারণা বা জোর করে যৌন বাণিজ্যে বাধ্য করা হয়, অথবা যে ব্যক্তিকে এ ধরনের কাজে বাধ্য করা হচ্ছে তার বয়স ১৮ হয় নাই; অথবা
- ইচ্ছার বিরুদ্ধে আটক, গোলামি, ঋণ দাসত্ব, বা দাসত্বের উদ্দেশ্যে বল প্রয়োগ, প্রতারণা বা জোর করে শ্রম বা সেবা আদায়ের জন্য, কোন ব্যক্তিকে নিয়োগ, আশ্রয়, পরিবহন, আয়োজন বা যোগাড় করা।

**মানব চোরাচালানের** সংজ্ঞা হচ্ছে ইচ্ছাকৃতভাবে অভিবাসন আইনকে ফাঁকি দিয়ে যুক্তরাষ্ট্রে মানুষ নিয়ে আসা। যুক্তরাষ্ট্রে নাগরিক নন এমন ব্যক্তিদের নিয়ে আসা এবং ইতোমধ্যে যুক্তরাষ্ট্রে অবস্থানরত ভিনদেশীদের অবৈধভাবে পরিবহন এবং আশ্রয় প্রদান এই অপরাধের অন্তর্ভুক্ত।

এগুলো একে অপরের সমার্থক পরিভাষা নয়।

- **চোরাচালান** হচ্ছে পরিবহন-ভিত্তিক
- **পাচার** হচ্ছে শোষণ-ভিত্তিক



সন্দেহজনক কার্যকলাপ অবহিত করুন:  
**1-866-DHS-2-ICE (1-866-347-2423)**  
[www.dhs.gov/bluecampaign](http://www.dhs.gov/bluecampaign)

## পাচারের আলামত

- আক্রান্ত ব্যক্তির কাছে কি তার পরিচিতি এবং ভ্রমণের কাগজপত্র আছে; না থাকলে, এই কাগজপত্রের নিয়ন্ত্রণ কার হাতে?
- আইন প্রয়োগকারী এবং অভিবাসন কর্মকর্তাদে রকে কী বলতে হবে তা কি আক্রান্ত ব্যক্তিকে শিথিয়ে দেওয়া হয়েছিল?
- আক্রান্ত ব্যক্তির বেতন কি চোরাচালানের ফিস পরিশোধের জন্য কেটে নেওয়া হচ্ছে? (শুধুমাত্র চোরাচালানের ফিস পরিশোধকে পাচার বলে বিবেচনা করা হয় না।)
- আক্রান্ত ব্যক্তিকে কি যৌন কর্ম সম্পাদনে বাধ্য করা হয়েছিল?
- আক্রান্ত ব্যক্তির কি চলাচলের স্বাধীনতা রয়েছে?
- আক্রান্ত ব্যক্তি যদি পালিয়ে যাওয়ার চেষ্টা করে আক্রান্ত ব্যক্তি বা তার পরিবারকে কি ক্ষতি করার হুমকি দেওয়া হয়েছে?
- আক্রান্ত ব্যক্তিকে কি ফেরত পাঠানো বা আইন প্রয়োগকারী ব্যবস্থার হুমকি প্রদান করা হয়েছে?
- আক্রান্ত ব্যক্তির কি কোন ক্ষতি করা হয়েছে বা তাকে খাবার, পানি, ঘুম, চিকিৎসা বা দৈনন্দিন জীবন যাপনের চাহিদা থেকে বঞ্চিত করা হয়েছে?
- আক্রান্ত ব্যক্তিকে কি অবাধে বন্ধু-বান্ধব বা পরিবারের সাথে যোগাযোগ করতে পারে?
- আক্রান্ত ব্যক্তি কি যৌন বাণিজ্যে কর্মরত কোন কিশোর বা কিশোরী?
- আক্রান্ত ব্যক্তিকে কি সামাজিক ভাবে মেলামেশায় বা ধর্মীয় আচার অনুষ্ঠানে যেতে দেওয়া হয়?

সন্দেহজনক কার্যকলাপ অবহিত করুন: **1-866-DHS-2-ICE (1-866-347-2423)**

[www.dhs.gov/bluecampaign](http://www.dhs.gov/bluecampaign)

BC-IC1-BEN 07/14